নোবিপ্রবি/জনওপ্রকা/সংবাদ-বিজ্ঞপ্তি/২০২৫/২২২০ ২৩ জুলাই ২০২৫

সংবাদ বিজ্ঞপ্তি

# নেদারল্যান্ডসে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূতের সঙ্গে নোবিপ্রবি উপাচার্যের সাক্ষাৎ

নেদারল্যান্ডসে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত জনাব তারেক মুহাম্মদের সঙ্গে নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল সৌজন্য সাক্ষাৎ করেছেন। মঙ্গলবার (২২ জুলাই ২০২৫) নেদারল্যান্ডসে অবস্থিত বাংলাদেশ দূতাবাসে এ সাক্ষাত অনুষ্ঠিত হয়।

এসময় উভয়ই উচ্চশিক্ষা, নেদারল্যান্ড ও বাংলাদেশের স্বার্থ সংশ্লিষ্ট নানা বিষয় নিয়ে আলোচনা করেন। সাক্ষাতকালে নোবিপ্রবি উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল বলেন, বাংলাদেশে ডেল্টা প্ল্যানের ছয়টি হটস্পটের মধ্যে অন্যতম হটস্পট হচ্ছে কোস্টাল জোন। আর সেই কোস্টাল জোনের মধ্যে নোবিপ্রবি অবস্থিত।

উপাচার্য নেদারল্যান্ডসের পক্ষ থেকে ডেল্টা প্ল্যানের আওতায় এ অঞ্চলে কোনো গবেষণা বা উন্নয়ন কার্যক্রম গ্রহণ করা হলে নোবিপ্রবিকে অন্তর্ভুক্ত করার বিষয়ে গুরুত্বারোপ করেন। এ সময় রাষ্ট্রদূত তারেক মুহাম্মদ নোবিপ্রবি এবং নেদারল্যান্ডসে অবস্থিত বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে যেকোনো ধরনের কোলাবোরেশনে সহযোগিতা করবেন বলে আশ্বস্ত করেন।

সাক্ষাৎ অনুষ্ঠানে অন্যান্যের মাঝে উপস্থিত ছিলেন নোবিপ্রবি বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মোহাম্মদ মোহিনুজ্জামান এবং পরিবেশ বিজ্ঞান ও দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগের সহকারী অধ্যাপক শাহরিয়ার মু. আরিফুর রহমান। ঘণ্টাব্যাপী অনুষ্ঠিত ওই বৈঠকে দূতাবাসের ফার্স্ট সেক্রেটারিসহ অন্যান্য অফিসিয়ালসরা উপস্থিত ছিলেন।

ইফতেখার হোসাইন
সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)
মোবা- ০১৭৩৩৯৯৮৮৯৪